

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
 ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
 ওয়েবসাইট : www.gsb.gov.bd  
 ফেইসবুক পেজঃ www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৩.১৩.(খন্ড-১)/ ২৮০৪

তারিখঃ ১৬ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ  
 ৩১ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৩৯ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৩৯ তম সভা গত ২৯ জুলাই, ২০১৮ খ্রিঃ তারিখ, রোজ রবিবার অপরাহ্ন ১৪.০০ ঘটিকায় কমিটির সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নং কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

**২.০. আলোচনা:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার প্রারম্ভে জিএসবি'র সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এবং ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব রাজিব কুমার সাহা সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জিএসবি'র মোবাইল এ্যাপসটি ভেডর কোম্পানী কর্তৃক Google Play Store এ গত ২৬/০৭/২০১৮ খ্রিঃ তারিখে সফলভাবে আপলোড করা হয়েছে। সভায় বিগত ৩৮ তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। জিএসবি'র ২০১৮-২০১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইন্টারনেট পরিষেবা বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরের ভবনসমূহ LAN Network এর আওতায় আনার সম্ভাব্যতা যাচাই এর জন্য প্রাথমিক ব্যয় প্রাক্কলন এবং ডিজাইন লেআউট প্রস্তুত করার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জিএসবি'র বিদ্যমান ইন্টারনেট সেবা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা এবং পরামর্শের জন্য বিটিসিএল, এটুআই/আইসিটি ডিভিশন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। বিদ্যমান ওয়াইফাই সেবা প্রদানকারী ভেডর প্রতিষ্ঠানের মেনটেইনেন্স সেবা আশানুরূপ না হওয়ায় টিমের পক্ষ থেকে যথাযথ মনিটরিং শেষে উক্ত প্রতিষ্ঠানকে তাগিদপত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তরের আইসিটি বিষয়ক (মার্চ, ২০১৮ হতে জুন, ২০১৮) ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তরের ওয়েবসাইট এর কতিপয় মেনু/সাবমেনু সক্রিয় করাসহ প্রয়োজনীয় হালনাগাদ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এটুআই কর্তৃপক্ষের সহায়তায় অধিদপ্তরে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।

**৩.০ সিদ্ধান্তসমূহ:** বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


৩.১. জিএসবি'র মোবাইল এ্যাপস এর কনটেন্টসমূহ আগামী ১৬ আগস্ট, ২০১৮ খ্রিঃ এর মধ্যে ইংরেজি ভাষনে পরিবর্তন করার জন্য কমিটির সদস্য জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কনটেন্টসমূহ প্রয়োজনীয় সম্পাদনা করবেন। জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল) এবং জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোবাইল এ্যাপসের জিএসবি সম্পর্কিত আইকনের 'অধিদপ্তরের পরিচিতি ও মর্যাদা এবং দায়িত্ব ও কার্যাবলী' অংশের ইংরেজি ভাষনে প্রস্তুত করবেন। কমিটির সদস্য জনাব মোঃ জাহাঞ্জীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোবাইল এ্যাপসের জিএসবি সম্পর্কিত আইকনের 'শাখাসমূহ' অংশের ইংরেজি ভাষনে প্রস্তুত করবেন। কমিটির সদস্য সচিব জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোবাইল এ্যাপসের জিএসবি সম্পর্কিত আইকনের 'ভূমিকা' অংশের ইংরেজি ভাষনে প্রস্তুত করবেন। মোবাইল এ্যাপসের 'অবিষ্কৃত খনিজ সম্পদ' আইকনের ইংরেজি ভাষনে জিএসবি'র অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স অ্যাসেসমেন্ট শাখা কর্তৃক প্রস্তুত করে আগামী ১৬ আগস্ট, ২০১৮ খ্রিঃ এর মধ্যে ইনোভেশন টিম বরাবর প্রেরণ করার জন্য ইনোভেশন টিমের সভাপতি মহোদয় উক্ত শাখার শাখা প্রধানকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।


৩.২. জিএসবি'র ২০১৮-২০১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা ১: 'জনসাধারণের চাহিদানুযায়ী জিএসবি'র বিভিন্ন গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবা সহজীকরণ' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য টিমের সদস্য জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল) উক্ত আইডিয়া প্রদানকারী কর্মকর্তাবৃন্দের সাথে প্রয়োজনীয় যোগাযোগ এবং সমন্বয় করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২: 'জিএসবি'র কর্মকর্তা-কর্মচারীগণের দাপ্তরিক উপস্থিতি,



অবস্থান এবং দপ্তর ত্যাগের সময় নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তন' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য টিমের সভাপতি মহাপরিচালক মহোদয় এবং পরিচালক (অপারেশন ও সমন্বয়) আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য কর্মপরিকল্পনা ৩: "Google Map' ভিত্তিক ভূ-বৈজ্ঞানিক তথ্যাবলী (তথ্য-উপাত্ত ও মানচিত্রের মাধ্যমে সঠিক অবস্থান প্রদর্শনসহ) জনস্বার্থে প্রকাশের লক্ষ্যে জিএসবি'র ওয়েবসাইটে সংযোজন" সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য টিমের সদস্য জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

- ৩.৩. অধিদপ্তরের ভবনসমূহ LAN Network এর আওতায় আনার জন্য প্রাথমিক ব্যয় প্রাক্কলন এবং ডিজাইন লেআউট প্রস্তুত করার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩.৪. অধিদপ্তরের আইসিটি বিষয়ক (মার্চ, ২০১৮ হতে জুন, ২০১৮) ত্রৈমাসিক প্রতিবেদন কমিটির সদস্য জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তুত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩.৫. সভায় জিএসবি'র বিদ্যমান ইন্টারনেট সেবা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা এবং পরামর্শের জন্য বিটিসিএল, এটুআই/আইসিটি ডিভিশন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩.৬. বিদ্যমান ওয়াইফাই সেবা প্রদানকারী ভেন্ডর প্রতিষ্ঠানের মেনটেইনেন্স সেবা আশানুরূপ না হওয়ায় টিমের পক্ষ থেকে যথাযথ মনিটরিং শেষে উক্ত প্রতিষ্ঠানকে তাগিদপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩.৭. অধিদপ্তরের ওয়েবসাইট এর কতিপয় মেনু/সাবমেনু সক্রিয় করাসহ প্রয়োজনীয় হালনাগাদ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এটুআই কর্তৃপক্ষের সহায়তায় অধিদপ্তরে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



  
(সাইদুল হোসেন)  
পরিচালক (ভূতত্ত্ব)


সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি  
ফোনঃ ৫৮৩১২২১৬৮  
E-mail: hossain747@gmail.com

স্মারক নম্বর: - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৩.১৩.(খন্ড-১)/

তারিখ: ৩১ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
  - ২) জনাব নুরুদ্দিন সরকার, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।
  - ৩) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
  - ৪) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
  - ৫) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
  - ৬) জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
  - ৭) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
  - ৮) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
  - ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) নথিতে সংরক্ষণের জন্য।

  
(রাজিব কুমার সাহা)  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)

সদস্যসচিব  
ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি  
E-mail: rajibkumarsaha@hotmail.com